

যুগান্তর

আবাসন ও পানি সংকট তীব্র

বাকুবির হলে সিটের দাবিতে ছাত্রীদের বিক্ষোভ

প্রকাশ : ২৩ আগস্ট ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



বাকুবি প্রতিনিধি

আবাসন ও পানির তীব্র সংকট নিরসনের দাবিতে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) ছাত্রীরা বিক্ষোভ করেছেন। বৃহস্পতিবার দুপুরে বেগম রোকেয়া হলের অধীন বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য পরিচর্যা কেন্দ্রে অবস্থানরত প্রথম বর্ষের ছাত্রীরা হলের সামনের রাস্তা অবরোধ করে বিক্ষোভ করেন। জানা গেছে, সিট সংকট থাকায় স্বাস্থ্য পরিচর্যা কেন্দ্রে ৫৭ জন ছাত্রীর থাকার ব্যবস্থা করা হয়। তিন মাসের মধ্যে হলের মূল ভবনে তাদের সিট দেয়ার আশ্বাস দেয়া হয়। কিন্তু আট মাস পেরিয়ে গেলেও মূল ভবনে যেতে পারেননি তারা। স্বাস্থ্য পরিচর্যা কেন্দ্রে পানি সংকটসহ নানা সমস্যা রয়েছে। এদিকে বেগম রোকেয়া হলের কাজ শেষ না করেই ২০১৬ সালের শেষদিকে হলে ছাত্রী উঠানো শুরু হয়। বর্তমানে হলে ১ হাজার সিটের বিপরীতে এক হাজার ৪০০ জন ছাত্রী অবস্থান করছেন।

আন্দোলনকারী ছাত্রীরা বলেন, স্বাস্থ্য পরিচর্যা কেন্দ্রে থাকার ফলে প্রতিনিয়ত তারা নানা সমস্যার সম্মুখীন হচ্ছেন। তীব্র পানি সংকট প্রধান সমস্যা হয়ে দাঁড়িয়েছে। বাথরুমে পানি না থাকায় নিচতলা থেকে পানি তিনতলায় তুলতে হয়। এছাড়া প্রতিনিয়ত রোগীর ভিড় থাকায় আমরা নিরাপত্তাহীনতায় ভুগছি। ডাইনিং ও ক্যান্টিন না থাকায় খাওয়া-দাওয়ার সমস্যা হচ্ছে। হলে থাকার সুযোগ-সুবিধা থেকে আমরা বঞ্চিত হচ্ছি। প্রভোস্টকে এসব সমস্যা একাধিকবার জানানো হলেও কোনো কাজ হয়নি। শুধু আশ্বাস দেয়া হচ্ছে। তারা বলেন, আমাদের এখন একটাই দাবি- সেপ্টেম্বরের মধ্যেই হলে উঠতে চাই।

বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর ড. মো. শহীদুল আলম ও বেগম রোকেয়া হলের হাউসটিউটর ড. এফএম জামিল উদ্দিন আন্দোলনরত ছাত্রীদের সঙ্গে দেখা করে সমস্যা দ্রুত সমাধানের আশ্বাস দেন। সমস্যা দেখতে তারা ছাত্রীদের নিয়ে স্বাস্থ্য পরিচর্যা কেন্দ্রে যান। হলের প্রভোস্ট অধ্যাপক ড. মুহাম্মদ জিয়াউল হক বলেন, স্বাস্থ্য পরিচর্যা কেন্দ্রে পানির পাইপে সমস্যা থাকায় পানি সংকট দেখা দিয়েছে। বিষয়টি দ্রুত সমাধানের চেষ্টা চলছে। আর আবাসন সংকট নিরসনে হলের চতুর্থ ও পঞ্চম তলার কাজ চলছে। নভেম্বরের মধ্যে হলের সব ছাত্রী সিট পাবে বলে আশা করছি।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।